



জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

Website: www.nmst.gov.bd

নং: ৩৯.০৩.০০০০.০০৫.১১.০০১.২২- ৮৮৪

তারিখ: ২১/০৬/২০২২ খ্রি:

নিয়োগ বিজ্ঞপ্তি

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের রাজস্ব খাতের নিম্নোক্ত শূন্য পদগুলোতে অস্থায়ীভাবে লোক নিয়োগের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্র. নং	পদের নাম	পদ সংখ্যা	বয়সসীমা	বেতন স্কেল	শিক্ষাগত যোগ্যতা	যে সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন না
১	ইলেক্ট্রিশিয়ান	১	অনুর্ধ্ব ৩০ বৎসর	টাকা ৯৩০০-২২৪৯০/-	কোন স্বীকৃত বোর্ড হতে বিজ্ঞানে দ্বিতীয় বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে ২ (দুই) বৎসরের ইলেক্ট্রিক্যাল বিষয়ে ট্রেড কোর্স উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে অন্যান্য ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা: তবে শর্ত থাকে যে, 'ক' অথবা 'খ' শ্রেণির লাইসেন্সধারী প্রার্থীগণকে অগ্রাধিকার দেয়া হবে।	ঢাকা, পোপালগঞ্জ, টাঙ্গাইল, পটুয়াখালী, গাইবান্ধা, কুমিল্লা, ময়মনসিংহ, ব্রাহ্মণবাড়িয়া, গাজীপুর ও জামালপুর
২	অফিস সহায়ক	১	অনুর্ধ্ব ৩০ বৎসর	টাকা ৮২৫০-২০০১০/-	অষ্টম শ্রেণী উত্তীর্ণ বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ সুঠাম স্বাস্থ্যের অধিকারী হতে হবে।	ঢাকা, গাজীপুর, ফরিদপুর, টাঙ্গাইল, শেরপুর, খুলনা, চাঁদপুর, বরিশাল, কুড়িগ্রাম ব্রাহ্মণবাড়িয়া, পটুয়াখালী ও গাইবান্ধা

আবেদনের শর্তাবলী:

- আবেদনপত্র গ্রহণের শেষ তারিখ: ১৫/০৭/২০২২ খ্রিষ্টাব্দ।
- আবেদনপত্র ডাকযোগে মহাপরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ বরাবর আগামী ১৫/০৭/২০২২ খ্রি: তারিখ অফিস সময়ের মধ্যে পৌঁছাতে হবে। সরাসরি দাখিলকৃত কোন আবেদনপত্র এবং নির্ধারিত তারিখ উত্তীর্ণের পর ডাকযোগে বা অন্য কোনভাবে প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- সরকার নির্ধারিত চাকুরির আবেদন ফরমে আবেদন দাখিল করতে হবে। আবেদন ফর্মের নমুনা এ অফিসের [website: www.nmst.gov.bd](http://www.nmst.gov.bd) থেকে বা জনপ্রশাসন মন্ত্রণালয়ের [website: www.mopa.gov.bd](http://www.mopa.gov.bd) থেকে ডাউনলোড করা যাবে বা অফিসের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।
- আবেদনপত্রের খামের উপরের ডান পার্শ্বে পদের নাম, বিশেষ কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) উল্লেখ করতে হবে এবং আবেদনপত্রের সাথে প্রার্থীর যোগাযোগের ঠিকানা উল্লেখপূর্বক ১০.০০ টাকা মূল্যের অব্যবহৃত ডাকটিকেট সংযুক্ত ৯.৫" x ৪" পরিমাপের একটি ফেরত খাম দিতে হবে।
- প্রার্থীর বয়সসীমা ১৫/০৭/২০২২ খ্রি: তারিখে অনুর্ধ্ব ৩০ বৎসর এবং মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধার সন্তান, প্রতিবন্ধী ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর প্রার্থীদের বয়স ৩২ বৎসরের মধ্যে হতে হবে। বয়সের বেলায় এফিডেভিট গ্রহণযোগ্য নহে। মহিলা ও অন্যান্য কোটার ক্ষেত্রে প্রচলিত সরকারি নীতিমালা/বিধিবিধান প্রযোজ্য হবে।
- আবেদনকারীকে তাঁর সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার তথ্য আবশ্যিকভাবে উল্লেখ করতে হবে।
- এক জেলার বাসিন্দা অন্য জেলার বাসিন্দা হিসেবে আবেদন করতে পারবেন না।
- সরকারি/আধা-সরকারি সংস্থায় চাকুরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অগ্রিম কপি গ্রহণযোগ্য নয়।
- আবেদনপত্রের সাথে বাংলাদেশের যে কোনো তফসিলি ব্যাংক থেকে মহাপরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, ঢাকা-এর অনুকূলে প্রার্থীদের ১০০/- (একশত) টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জমা দিতে হবে। এছাড়া ৫ সে.মি x ৫ সে.মি. আকারের ৩(তিন) কপি ছবি ব্যতীত আর কোন কাগজপত্র জমা দিতে হবে না।
- অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা সনদ, কোটা সনদ বা প্রমাণক, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।
- যুক্তিসংগত কারণে কর্তৃপক্ষ যে কোন বা সকল আবেদনপত্র বাতিল করতে পারবেন, এ বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(এ.কে.এম. লুৎফুর রহমান সিদ্দীক)
পরিচালক (উপসচিব)